

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৩১০

আগরতলা, ২০ ডিসেম্বর, ২০২৩

পরিবহণ দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের হাতে অফার  
সরকার কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া চলতে পারে না : পরিবহণমন্ত্রী



সরকার কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া চলতে পারে না। কারণ কর্মচারিরা সরকারেরই অংশ। সরকারের সফলতাও নির্ভর করে কর্মচারীদের উপর। আজ সচিবালয়ের ৩ নং সভাকক্ষে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে পরিবহণ দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের হাতে অফার তুলে দিয়ে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে নির্বাচিত ৮ জনের হাতে পরিবহণ দপ্তরে চাকরির অফার দেওয়া হয়।

অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী শ্রীচৌধুরী বলেন, রাজ্য সরকার সমস্ত নিয়মনীতি ও গাইডলাইন মেনে স্বচ্ছতার সঙ্গে জেআরবিটির মাধ্যমে উপযুক্ত নির্বাচিতদের চাকরি প্রদান করছে। এক্ষেত্রে কিছুটা সময় নিলেও জেআরবিটি বোর্ড স্বচ্ছতার সঙ্গে নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন করেছে। পরিবহণমন্ত্রী চাকরি প্রাপকদের উদ্দেশ্যে বলেন, প্রত্যেকেই সততা, দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। কর্মজীবনে নিজেদের দক্ষতা প্রমাণ করতে হবে। যে পদেই কাজ করুন না কেন, কাজের ক্ষেত্রে নিজেদের নেতৃত্ব দেওয়ার ক্ষমতা তৈরি করতে হবে। স্বচ্ছতার সঙ্গে জনগণকে পরিষেবা প্রদানের জন্য নতুন নিয়োগপ্রাপ্তদের প্রতি পরিবহণমন্ত্রী আহ্বান জানান। অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী নবনিযুক্তদের আন্তরিক শুভেচ্ছা জানান এবং তাদের কর্মজীবনের সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন পরিবহণ দপ্তরের কমিশনার সুব্রত চৌধুরী।

\*\*\*\*\*